



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩০৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৫৩৯

তারিখ: ২৭/০২/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে তারুণ্যের উৎসব ২০২৫ অনুষ্ঠিত

তরুণ প্রজন্মের মধ্যে সৃজনশীলতা ও উদ্ভাবনী গুণাবলি বিকাশের লক্ষ্যে ‘এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই’ প্রতিপাদ্য নিয়ে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় আয়োজিত হয়েছে তারুণ্যের উৎসব ২০২৫।

আজ বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এ উৎসবের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শীষ হায়দার চৌধুরী। অন্যান্য অতিথিরা হলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোহাম্মদ আনোয়ার উদ্দিন, পেনিনসুলা কনসোর্টিয়ামের প্রধান নির্বাহী কর্মকর্তা এম এ এন শাহীন, বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল, তারুণ্যে উৎসবের আহ্বায়ক ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান এবং কুমিল্লার অতিরিক্ত জেলা প্রশাসক পঙ্কজ বড়ুয়া।

অনুষ্ঠানের সঞ্চালনা ছিলেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. সুমাইয়া আফরিন সানি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উপসচিব মোহাম্মদ সাইফুল হাসান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে জুলাই আন্দোলনে শহীদদের স্মরণ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে মহাপরিচালক মোহাম্মদ আনোয়ার উদ্দিন বলেন, যুব সমাজের সৃজনশীলতা আমাদের অনুপ্রেরণা দেয়, জাতীয় অগ্রগতির জন্য তা অনেক গুরুত্বপূর্ণ। আমরা একে অপরের থেকে শিখবো। তরুণ প্রজন্ম নতুন সম্ভাবনা উন্মোচন করেছে। আইসিটি সেक्टरে তরুণদের অবদান সৃষ্টিশীলতা আর নতুনত্বের মধ্যে দিয়ে আমাদের দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে। প্রধান অতিথি শীষ হায়দার চৌধুরী বলেন, বর্তমান অন্তর্ভুক্তিকালীন সরকার একটি ম্যাসেজ দিচ্ছে এবং তা প্রমাণিত যে, ৫২’র ভাষা আন্দোলন, ৬৯ এর গণঅভ্যুত্থান, ৭১ এর মুক্তিযুদ্ধ, ৯০ এর স্বৈরাচার বিরোধী আন্দোলন এবং ২৪ এর গণআন্দোলন সবকিছুই তারুণ্যের হাত ধরে সফল হয়েছে। তরুণরাই হচ্ছে সবকিছুর চালিকাশক্তি। তারুণ্যে উৎসবের কেন্দ্রীয় অনুষ্ঠান কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে করার কারণ হলো জুলাই বিপ্লবের অন্যতম স্থান ছিল কুমিল্লা। এছাড়া এই এলাকা একটা অনেক গুরুত্বপূর্ণ এডুকেশন হাব। এই অঞ্চলে একসঙ্গে অনেক ভালো শিক্ষা- প্রতিষ্ঠান রয়েছে। পরবর্তী ইনোভেশন হাবটি আমরা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে স্থাপন করবো।’

অনুষ্ঠানের সভাপতি অধ্যাপক ড. মো হায়দার আলী বলেন, ‘আইসিটি মন্ত্রণালয়কে ধন্যবাদ কুবিকে ভেন্যু হিসেবে সিলেক্ট করার জন্য। সকলের সহযোগিতায় অল্প সময়ে আজকের অনুষ্ঠানটি আয়োজন করা হয়েছে। আজ থেকে প্রায় ২০ বছর আগেই বুঝতে পেরেছিলাম মানুষের মেশিনের উপর নির্ভরতা বাড়বে। বর্তমান সময়ে কৃত্রিম বুদ্ধিমত্তা, এআই সহ বিভিন্ন ভিত্তিক প্রযুক্তি ব্যবহারে তরুণরা উদ্ভূত হচ্ছে। তরুণদের সামনের পৃথিবী অনেক চ্যালেঞ্জিং। তরুণদের এসব ইনোভেশন নিয়ে ভাবতে হবে। এগিয়ে যেতে হবে। কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে এই চ্যালেঞ্জ তরুণদের মোকাবিলা করতে হবে। এআইবেইজড জ্ঞান অর্জন করতে হবে, তবেই দেশ বিদেশে তরুণদের এআইভিত্তিক কাজ এগিয়ে যাবে।’

অনুষ্ঠানের আহ্বায়ক মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, ‘আমাদের পুরো কার্যক্রমকে সুন্দরভাবে পরিচালনার জন্য যারা কাজ করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাই। ভাষার মাসে আমাদের যে এই সুন্দর আয়োজন, আমি শ্রদ্ধাভাবে স্মরণ করি বায়ান্নোর ভাষা আন্দোলনের শহীদদের প্রতি, একাত্তরের মহান মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি, বিশেষ করে চক্ৰিশে জুলাই বিপ্লবে যে আত্মত্যাগ ছিলো তাদেরকে বিশেষভাবে স্মরণ করছি। গভীরভাবে স্মরণ করছি আমাদের ছাত্র শহীদ আবদুল কাইয়ুমকে যিনি চক্ৰিশের আন্দোলনে আত্মত্যাগ করেছেন।’

তিনি আরও বলেন, ‘কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশ ও জাতিকে এগিয়ে নিতে অবদান রাখছে। আমি আরও বলে দিতে চাই বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে আমাদেরকে গ্লোবাল প্রভাঙ্ক হিসেবে নিজেদেরকে পরিচিত করতে হবে।’

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, ছাত্র উপদেষ্টা, হল প্রভোস্ট, বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানের অংশ হিসেবে Empowering Youth for National Development ও Innovate to Elevate Youth as Change Maker বিষয়ক শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। তারুণ্যের মেলা ও শিক্ষার্থীদের মধ্যে ক্রিকেট ম্যাচ উদ্বোধন, অনলাইনে কুইজ প্রতিযোগিতা, তারুণ্যের উৎসবের উপর নির্মিত ডকুমেন্টারি ও কুমিল্লায় জুলাই আন্দোলনের উপর নির্মিত কুমিল্লা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির ডকুমেন্টারিও এসময় প্রদর্শন করা হয়। পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে সন্ধ্যায় পর্দা নামে তারুণ্যের উৎসবের।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ড্রিজারার (ড্রিজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।